


তারিখঃ ০১/০১/২০১৮ইং

প্রেস রিলিজ

অদ্য ১লা জানুয়ারি, ২০১৮ইং তারিখে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনের মাননীয় সভাপতি জনাব মোহাম্মাদ নাছির উদ্দিন চৌধুরীর নেতৃত্বে নব-নির্বাচিত কমিটির সদস্যবৃন্দ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ে ৩.৩০ মিনিটে সৌজন্য সাক্ষাৎ করেন। এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে কমিশনের মাননীয় কমিশনারবৃন্দ ও নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান উপস্থিত ছিলেন। কমিশনের সাথে দেশের অর্থনীতির বর্তমান অবস্থা, গতি-প্রকৃতি, মুদ্রা বাজার ও পুঁজি বাজারের বিভিন্ন বিষয়ে হৃদয়তাপূর্ণ আলোচনা হয়। চেয়ারম্যান মহোদয় বিএমবিএ এর বিগত দিনের কার্যক্রমের বিষয়ে আলোকপাত করে বলেন যে, বিএমবিএ তার কার্যক্রম দ্বারা সরকার, অর্থমন্ত্রণালয় ও নিয়ন্ত্রক সংস্থার দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। বিএসইসির কমিশনারবৃন্দও বিএমবিএ এর গত কমিটির কার্যক্রমের প্রশংসা করেন। আগামী দিনেও বর্তমান কমিটি পুঁজিবাজার উন্নয়ন সহায়ক পদক্ষেপ গ্রহণ করবেন। আমরা আরও আশা করছি যে, বর্তমান কমিটি পুঁজিবাজার উন্নয়নে সকলের সাথে একযোগে কাজ করে ভবিষ্যতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

পরিশেষে, পুঁজি বাজারের উন্নয়নের জন্য পুঁজি বাজার সংশ্লিষ্ট সকলে মিলে কাজ করার জন্য মাননীয় চেয়ারম্যান মহোদয় কমিটির সকলের প্রতি আহ্বান জানান।

ধন্যবাদান্তে


(মোঃ গোলাম মোস্তফা)
সেক্রেটারি